**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে আগত আশ্রয়সন্ধানীদের জন্য আশ্রয়কেন্দ্র প্রদান করার জন্য ফেডারেল সরকারকে সচল করার জন্য রাষ্ট্রপতি বাইডেনকে তাগিদ দিলেন

***গভর্নর, FEMA, মার্কিন প্রতিরক্ষা বিভাগ এবং জাতীয় পার্ক সেবার সমর্থনের জন্য অনুরোধ করলেন***

***গভর্নর টাইটেল 42 এর মেয়াদ শেষ হওয়াতে স্টেটব্যাপী সাড়াদানের ব্যাপারে আলোচনা করার জন্য কংগ্রেসের সদস্য, কাউন্টি নির্বাহী, এবং মেয়রদের সমবেত করেছেন***

***আশ্রয়সন্ধানীদের প্রতি গভর্নরের চলমান সাড়াদানের মধ্যে রয়েছে অর্থবছর 2024 এর বাজেটে 1 বিলিয়ন মার্কিন ডলার সহায়তা, 1,500 ন্যাশনাল গার্ড সদস্যদের সচল করা, এবং উপলভ্য সংস্থান বৃদ্ধি করতে নির্বাহী আদেশ***

***রাষ্ট্রপতি বাইডেনের প্রতি গভর্নর হোকলের চিঠি এখানে দেখা যাবে***

গভর্নর হোকল আজকে রাষ্ট্রপতি বাইডেনকে একটি চিঠি প্রেরণ করেছেন, যেখানে তিনি তাকে নিউ ইয়র্ক স্টেটকে অতিরিক্ত ফেডারেল সংস্থান প্রদানের নির্দেশনা দানের তাগিদ দিয়েছেন যেহেতু টাইটেল 42 এর মেয়াদ শেষ হওয়ার কারণে স্টেটটিতে নজিরবিহীন সংখ্যক আশ্রয়সন্ধানী আসবে বলে অনুমান করা যাচ্ছে। এর আগে আজকে, ফেডারেল, স্টেট, এবং স্থানীয় নেতৃবৃন্দের সাথে চলমান কথোপকথন অগ্রসর করার জন্য, গভর্নর হোকল নিউ ইয়র্কের দ্বিপক্ষীয় কংগ্রেসনাল ডেলিগেশন (New York's bipartisan Congressional delegation), নিউ ইয়র্ক কাউন্টি অ্যাসোসিয়েশন (New York Association of Counties), এবং নিউ ইয়র্ক মেয়রদের কনফারেন্সকে (New York Conference of Mayors) নিয়ে একটি বৈঠকের ডাক দেন যেখানে আশ্রয়সন্ধানীদের সমর্থন করার জন্য স্টেটের প্রয়াসের ব্যাপারে এবং এই পরিস্থিতির সমাধানে প্রয়োজনীয় আরো সহায়তার ব্যাপারে সর্বশেষ তথ্য জানানো হয়।

"আশ্রয়সন্ধানীদের স্বাগত জানাতে এবং শুধু আরো ভালো একটি জীবনের খোঁজে আমাদের স্টেটে আগত ব্যক্তিদের প্রয়োজনীয় আশ্রয় ও সংস্থান প্রদান করার জন্য নিউ ইয়র্কবাসীরা একত্রে কাজ করছে," **গভর্নর হোকল বলেন।** "অনেক মাস ধরে নিউ ইয়র্কের জন্য নমনীয়তা ও বাড়তি সমর্থন প্রদানের জন্য আমি আমাদের ফেডারেল নেতৃবৃন্দকে তাগিদ দিয়েছি কারণ

আমরা আমাদের স্টেটে নজিরবিহীন সংখ্যক আশ্রয়সন্ধানীদের সম্মুখীন হয়ে থাকি। আমাদের স্টেটব্যাপী সাড়াদানকে সমন্বিত করতে এবং এই নতুন আগত ব্যক্তিদের সমর্থনে আমাদের প্রয়োজনীয় সংস্থান নিশ্চিত করতে আমি সরকারের সকল পর্যায়ের নেতৃবৃন্দের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করে যাবো।"

নিউ ইয়র্কে আশ্রয়সন্ধানীদের আগমনের ব্যাপারে কাজ করতে গভর্নর হোকলের সর্বশেষ প্রয়াস হলো আজকের পদক্ষেপসমূহ। এর আগে এই সপ্তাহে, গভর্নর হোকল একটি নির্বাহী আদেশ (Executive Order) জারি করেন যা আশ্রয়সন্ধানীদের সমর্থন করার জন্য মিউনিসিপ্যালিটিগুলির প্রয়োজনীয় সংস্থানের ব্যবস্থা করার ক্ষেত্রে স্টেটকে আরো বেশি নমনীয়তা প্রদান করছে এবং ন্যাশনাল গার্ডের (National Guard) সচল সদস্য সংখ্যা বৃদ্ধি করে 1,500 করতে স্টেটকে অনুমতি দিচ্ছে। এছাড়াও গভর্নর হোকল আইনসভার সাথে কাজ করে অর্থবছর 2024 এর স্টেট বাজেটে নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের তহবিলের প্রতিশ্রুতি যোগ করেছেন, যার মধ্যে রয়েছে আশ্রয়কেন্দ্রের ব্যয়ের জন্য 741 মিলিয়ন মার্কিন ডলার, চলমান ন্যাশনাল গার্ডের উপস্থিতিকে সমর্থন করতে 162 মিলিয়ন মার্কিন ডলার, NYC কেয়ারের (NYC Care) মাধ্যমে 137 মিলিয়ন মার্কিন ডলারের স্বাস্থ্যসেবা, 26 মিলিয়ন মার্কিন ডলার সরকারি সহায়তা, পরিবারসমূহকে স্থায়ী আবাসনে স্বেচ্ছাধীন স্থানান্তরের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার এবং অস্থায়ী ও অক্ষমতা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) মাধ্যমে উন্নত সমর্থন প্রদানের জন্য অতিরিক্ত 5 মিলিয়ন মার্কিন ডলার, এবং নিউ আমেরিকানস অফিসের (Office of New Americans) মাধ্যমে আইনি সহায়তার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার।

রাষ্ট্রপতি বাইডেন, মার্কিন যুক্তরাষ্ট্রের স্বদেশ নিরাপত্তা বিভাগের (United States Department of Homeland Security, DHS) সচিব মেরোকাজ, চিফ অফ স্টাফ জিয়েন্টস, সাবেক চিফ অফ স্টাফ ক্লেইন এবং অন্যান্য ফেডারেল কর্মকর্তাদের সাথে কথোপকথনে গভর্নর হোকল ধারাবাহিকভাবে অতিরিক্ত ফেডারেল সমর্থনের জন্য, বিশেষ করে তহবিল এবং আশ্রয়সন্ধানীরা বৈধভাবে কাজ শুরু করতে পারার পূর্বের অপেক্ষার সময়কাল ছোট করার ব্যাপারে চাপ প্রদান করেছেন। রাষ্ট্রপতি বাইডেনের প্রতি গভর্নর হোকলের সম্পূর্ণ চিঠিটি নিম্নরূপ:

*প্রিয় রাষ্ট্রপতি বাইডেন:*

*যেহেতু নিউ ইয়র্ক সিটিতে প্রতি সপ্তাহে কয়েক হাজার করে আশ্রয়সন্ধানীর আগমন হবে বলে অনুমান করা যাচ্ছে, তাই রাজনৈতিক আশ্রয়সন্ধানী ব্যক্তিদের স্থান দেওয়ার জন্য ফেডারেল জমি ও সম্পত্তিতে অবিলম্বে অস্থায়ী আশ্রয়কেন্দ্র নির্মাণ ও এর পরিচালনার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটকে সহায়তা প্রদান করতে প্রতিরক্ষা বিভাগ (Department of Defense, DOD) এবং জাতীয় পার্ক সেবাকে ( National Park Service, NPS) নির্দেশনা দেওয়ার জন্য আমি ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) কাছে অনুরোধ পেশ করছি। অতি গুরুত্বপূর্ণ এবং অত্যাবশ্যকীয় সরকারি সেবা, বিশেষ করে আশ্রয়দান ও আবাসন সেবা বহাল রাখার জন্য গেটওয়ে জাতীয় বিনোদন এলাকার (Gateway National Recreation Area) মধ্যকার ফ্লয়েড বেনেট মাঠের (Floyd Bennett Field) একটি অংশ এবং*

*নর্থইস্টে এবং নর্থইস্টজুড়ে নৌ সংস্থানসহ সামরিক স্থাপনার অন্যান্য স্থান ব্যবহার করা প্রয়োজন।*

*আপনি অবগত আছেন যে, 2021 সালের আগস্ট মাসে, মার্কিন যুক্তরাষ্ট্রের রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রের (United States Center for Disease Control, CDC) পরিচালক একটি জনস্বাস্থ্য পুনর্মূল্যায়ন এবং একটি কোয়ারেন্টাইনযোগ্য, সংক্রামক ব্যাধি বিদ্যমান আছে এমন দেশসমূহের বিশেষ মানুষকে উপস্থাপন করার অধিকার সাময়িকভাবে স্থগিত রাখার আদেশ (Public Health Reassessment and Order Suspending the Right to Introduce Certain Person from Countries Where a Quarantinable Communicable Disease Exists) জারি করেন, যা টাইটেল 42 নামেও পরিচিত। আদেশটি কানাডা বা মেক্সিকোর (তাদের মূল দেশ নির্বিশেষে) আগত "অন্তর্ভুক্ত, নাগরিক নয়" এমন ব্যক্তিদের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে অভিবাসন নিষিদ্ধ করে, অন্যথায় যারা মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিতে এবং সংলগ্ন উপকূলীয় সীমানায় একটি প্রবেশের বন্দর বা মার্কিন যুক্তরাষ্ট্রের সীমানার টহল (U.S. Border Patrol) স্টেশনে একটি জমায়েত ব্যবস্থার মাধ্যমে উপস্থাপিত হতো।*

*নিউ ইয়র্ক সিটি (New York City, NYC) তার আশ্রয়কেন্দ্র ব্যবস্থার ধারণক্ষমতা অতিক্রম করেছে যার মধ্যে 120টি স্থানে 36,700 এর বেশি অভিবাসীকে অস্থায়ী আবাসন ও সমর্থন প্রদান করা রয়েছে। NYC কয়েক ডজন মানবিকতার জরুরি সাড়াদান ও ত্রাণ কেন্দ্র (Humanitarian Emergency Response and Relief Centers) এবং স্বল্পমেয়াদী সাময়িক বিরাম কেন্দ্র খুলেছে, যা NYC এর মধ্যম মাত্রার হোটেল মজুতের 40 শতাংশের বেশির স্থান দখল করে রেখেছে।*

*এই মানবাধিকার সঙ্কটের আকারের কারণে স্টেটে আবাসের তাৎক্ষণিক চাহিদা মেটানো এবং বড় আকারের অভিবাসী আগমনের ক্ষেত্রে অন্যান্য মৌলিক চাহিদা মেটানোর জন্য প্রয়োজনীয় অবকাঠামো, সুযোগসুবিধা, ও সংস্থানের ঘাটতি রয়েছে। অতি গুরুত্বপূর্ণ এবং অত্যাবশ্যকীয় সরকারি সেবা, বিশেষ করে আশ্রয়দান ও আবাসন সেবা বহাল রাখার জন্য সামরিক স্থাপনাতে এবং ফ্লয়েড বেনেট মাঠে অস্থায়ী আবাসন নির্মাণ ও পরিচালনার জন্য FEMA, DOD এবং NPS সহায়তার মাধ্যমে ফেডারেল সমর্থন প্রয়োজনীয়।*

*এই অনুরোধটি অগ্রসর করতে, আমি নিম্নলিখিত বিষয়গুলির প্রত্যয়ন করছি: আমি নির্ণয় করেছি যে এই ঘটনাটির তীব্রতা ও মাত্রা এতো বেশি যে এর কার্যকর সাড়াদান করা স্টেটের এবং প্রভাবিত স্থানীয় সরকারের ক্ষমতার বাইরে এবং সম্পূরক ফেডারেল সহায়তা প্রয়োজন; ঘটনার সাড়াদানে আমি স্টেটের আইনের অধীনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছি এবং স্ট্যাফোর্ড অ্যাক্ট (Stafford Act) অনুযায়ী স্টেটের জরুরি পরিকল্পনা (State Emergency Plan) বাস্তবায়ন করতে নির্দেশ দিয়েছি; এবং স্টেট ও স্থানীয় সরকারসমূহ এমন কাজের ব্যয়ের ফেডারেল নয় এমন অংশের জন্য FEMA এর ব্যয়পূরণ করে দিবে।*

*44 C.F.R. § 206.34 অনুযায়ী, স্টেট সম্মত হচ্ছে যে এটি, এই সহায়তার ক্ষেত্রে: অনুমোদিত কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সকল ভূমি, পারাপার, এবং পথাধিকার মার্কিন যুক্তরাষ্ট্রকে বিনামূল্যে প্রদান করবে; অনুরোধ করা কাজের জন্য কোনও ক্ষয়ক্ষতি হলে তার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রকে দায়ী করবে না, এবং এমন কোনও কাজের জন্য যে কোনও ধরনের দাবি উঠলে তা*

*থেকে ফেডারেল সরকারকে মুক্ত করবে; এবং সকল সমর্থন এবং স্থানীয় জুরিসডিকশনাল ব্যাপারে কর্মরত ফেডারেল এজেন্সিকে সহায়তা করবে।*

*যেহেতু টাইটেল 42 আনুষ্ঠানিকভাবে রদ করা হয়েছে, এবং অস্থায়ী আশ্রয়কেন্দ্র নির্মাণ করার জন্য বহু সপ্তাহের নির্মাণ প্রক্রিয়া প্রয়োজন হবে বলে অনুমান করা যাচ্ছে, তাই আমি অবিলম্বে এই অনুরোধের অনুমোদন প্রদানের আহ্বান করছি।*

*আপনার বিবেচনার জন্য ধন্যবাদ।*

রাষ্ট্রপতি বাইডেনের প্রতি গভর্নর হোকলের চিঠি এখানে দেখা যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন